

# কালের কণ্ঠ

নজরুল বিশ্ববিদ্যালয়

## উইমেন পিস ক্যাফের কমিটি গঠন ও বৃত্তি প্রদান

নজরুল বিশ্ববিদ্যালয় প্রতিনিধি

২৪ জুলাই, ২০১৯



অ- অ অ+

জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়ের নারী শিক্ষার্থীদের নিয়ে সংগঠন উইমেন পিস ক্যাফে'র নতুন কমিটি গঠন ও বৃত্তি প্রদান করা হয়েছে।

আজ বুধবার বিকেলে বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের অফিস কক্ষে বৃত্তি প্রদান শেষে উপাচার্য অধ্যাপক ড. এ এইচ এম মোস্তাফিজুর রহমান আগামী এক বছরের জন্যে ১৩ সদস্যের একটি কমিটি ঘোষণা করেন।

ইউএন উইম্যান এর অর্থায়নে ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের সেন্টার ফর পিস অ্যান্ড জাস্টিস (সিপিজে) এর তত্ত্বাবধানে বিশ্ববিদ্যালয়ে ১৫৮ জন শিক্ষার্থীদের নারী উদ্যোক্তা বিষয়ক প্রশিক্ষণের পর শ্রেষ্ঠ বিজনেস আইডিয়া প্রদানকারী দুইটি দলকে এই বৃত্তি প্রদান করা হয়।

উইমেন পিস ক্যাফের চিফ মেন্টর প্রভাষক অলি উল্লাহ্ এর সঞ্চালনায় এ সময় আরো উপস্থিত ছিলেন জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয় উইমেন পিস ক্যাফের মেন্টর সাকার মুস্তাফা, ফারজানা নাজ স্বর্ণ প্রভা, রাফিয়া রহমান, মাহবুবুর রহমান প্রমুখ।

কমিটিতে সভাপতি পদে মাহমুদা স্বর্ণা, সহ-সভাপতি ফাইজা ওমর তূর্ণা, সাধারণ সম্পাদক হিসেবে জেসমিন আক্তার জুই, সহ-সম্পাদক পদে মাশকাতুল জান্নাত, কোষাধ্যক্ষ নুসরাত জাহান। এ ছাড়াও সেজুতি ধর, জেসমিন খাতুন, জাকিয়া সুলতানা, মুক্তা, হুমায়রা হাফিজ, সানজিদা বিনতে, ইরা ও মালতী রানী কার্যনির্বাহী সদস্য হিসেবে কমিটিতে রয়েছেন।

এ সময় বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. এ এইচ এম মোস্তাফিজুর রহমান বলেন, প্রতিষ্ঠিত এই উইমেন পিস ক্যাফের মাধ্যমে নারীর ক্ষমতায়ন, নারীদের উদ্ভাবনী চিন্তার প্রয়োগ-বাস্তবায়ন এবং নারী উদ্যোক্তা তৈরিতে একটি সৃষ্টিশীল প্লার্টফর্মের কাজ করবে সেই সাথে সকল ভালো উদ্যোগে তাদের পাশে থাকবে বিশ্ববিদ্যালয় প্রশাসন।